REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 26-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**CM- Good Governance:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সুশাসনের প্রকৃত অর্থ হচ্ছে দুর্নীতি মুক্ত প্রশাসন ও মানুষের চাহিদাগুলিকে প্রাধান্য দিয়ে তা বাস্তবায়িত করা। আগরতলার প্রজ্ঞা ভবনে গতকাল সুশাসন দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন কেন্দ্র ও রাজ্য সরকার পণ্ডিত দীন দয়াল উপাধ্যায় ও অটল বিহারী বাজপেয়ীর আদর্শে অনুপ্রাণিত হয়ে সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সুযোগ সুবিধা পৌঁছে দিতে বদ্ধপরিকর..

তিনি বলেন সব সুবিধাভোগীদের কাছে সাহায্য পৌঁছে দিতে প্রতি ঘরে সুশাসন কর্মসূচি পালন করা হচ্ছে। তিনি বলেন জি -২০সম্মেলন ত্রিপুরাকে বিশ্বের মানচিত্রে প্রতিষ্ঠিত করেছে। ফলে প্রচুর সংখ্যক মানুষ এখন ত্রিপুরাতে আসছেন এবং এর ফলস্বরূপ ত্রিপুরার মোট অভ্যন্তরীণ উৎপাদন বেড়েছে। মুখ্যমন্ত্রী বলেন অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সামাজিক মানোন্নয়ন জড়িত। তিনি বলেন রাজ্যে সুশাসন প্রতিষ্ঠিত হওয়ায় উন্নয়ন বেড়েছে। ত্রিপুরা এখন সম্পূর্ণ সন্ত্রাসমুক্ত বলে সন্তোষ প্রকাশ করেন তিনি।

***************************

**Bal Puraskar:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে ব্যতিক্রমী কৃতিত্বের জন্য সাতটি বিভাগে ১৪টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ১৭ জন শিশুকে 'প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার' প্রদান করবেন। শিল্প ও সংস্কৃতি, সাহসিকতা, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, সমাজসেবা, খেলাধুলা এবং পরিবেশ রক্ষায় কৃতিত্বের জন্য এই পুরস্কার প্রদান করা হয়।

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভারত মণ্ডপমে বীর বাল দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে 'সুপোষিত গ্রাম পঞ্চায়েত অভিযান' চালু করবেন প্রধানমন্ত্রী।

******************

**Dr. Manik Saha Press Meet:**

বিজেপি নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছেন, কংগ্রেস দল বরাবরই বাবা সাহেব আম্বেদকরকে নিয়ে বিরূপ মন্তব্য করে আসছে। তারা আম্বেদকরকে কখনো সম্মান বা উপযুক্ত মর্যাদা দেয়নি। অথচ তারাই এখন বি আর আম্বেদকর কে নিয়ে রাজনীতি করে চলেছে এবং মানুষকে বিভ্রান্ত করার অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য, প্রদেশ বিজেপি মুখপাত্র সুনীত সরকার।

*****************

**Christmas .**

খ্রীষ্টধর্মের প্রবর্তক প্রভূ যীশুর জন্মদিবস বড়দিন রাজ্যেও গতকাল বিপুল উৎসাহ উদ্দীপনায় উদযাপিত হয়। এই উপলক্ষে আগরতলার কাছে মরিয়ম নগরে দুই দিন ব্যপি খ্রিসমাস মেলা শুরু হয়েছে । মেলায়,প্রচুর লোক সমাগম হয়। মরিয়ম নগর গির্জায়ও প্রচুর লোক সমাগম ছিল। এছাড়া রাজ্যের অন্যান্য প্রান্তে গির্জাগুলোও আলোকমালায় সাজুয়ে তোলা হয়েছে । বড়দিন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা,হয়। গতকাল রাজ্যের পিকনিক স্থলগুলোতেও ভিড় ছিল।

********************

**Atalbihari Bajpayee:**

সারা দেশে গতকাল নানা কর্মসূচীর মধ্য দিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটলবিহারী বাজপেয়ীর ১০০তম জন্মবার্ষিকী উদযাপন করা হয় ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল প্রাক্তন প্রধানমন্ত্রী দিল্লিতে সদৈব্ অটল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে, অটল বিহারী বাজপেয়ীকে শ্রদ্ধা নিবেদন করেন। প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দ, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু এবং কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সভাপতি জেপি নাড্ডাও অটল বিহারী বাজপেয়ীর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

******************************

**BJP, Atalbihari:**

অটল বিহারী বাজপেয়ীর জন্ম জয়ন্তী উপলক্ষ্যে গতকাল আগরতলায় অটলবিহারী বাজপেয়ী রিজিওনাল ক্যান্সার হাসপাতালে রোগীদের মধ্যে ফল মিষ্টি বিতরণ করা হয়। বিজেপি ৬ আগরতলা যুব মোর্চার উদ্যোগে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব মোর্চার রাজ্য সভাপতি সুশান্ত দেব সহ অন্যান্যরা।

এদিকে গোমতি জেলায় বিজেপির গোমতি জেলা অফিসে অটলবিহারী বাজপেয়ীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করেন দলের জেলা সভাপতি, বিধায়ক অভিষেক দেবরায় সহ জেলার কার্যকতাগণ। অনুষ্ঠানে অটলবিহারী বাজপেয়ীর স্মৃতিচারণ করেন নেতৃবৃন্দ।

****************************

**Good governance, Sepahijala:**

সুশাসন দিবস উপলক্ষে গতকাল মেলাঘরস্থিত সোনামুড়া মহকুমা হাসপাতালে যুব মোর্চার উদ্যোগে রোগীদের মধ্যে ফল বিতরণ করা হয়। তার আগে মেলাঘরের দলীয় অফিসের সামনে অটলবিহারী বাজপেয়ীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা

নিবেদন করেন বিজেপি নেতৃবৃন্দ। যুব মোর্চার সোনামুড়া মন্ডল কমিটি আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিজেপির জেলা সভাপতি দেবব্রত ভট্টাচার্য্য, সোনামুড়া মন্ডল সভাপতি শুভ্রজিৎ দাস, যুব নেতা সুপাঙ্কা সরকার প্রমুখ।

***********************************

**Good Governance South:**

এদিকে অটল বিহারী বাজপেয়ীর জন্মদিন উপলক্ষে গতকাল জোলাইবাড়ি ব্লকের কুষারঘাট অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গোমতী জেলা নেহেরু যুব কেন্দ্র ও কুষারঘাট তরুণ সংঘের যৌথ উদ্যোগে সুশাসন দিবস পালন করা হয়।

*********************************

**Sushanta Chowdhury:**

গতকাল থেকে রানীরবাজারের আশারাম পারায় ৭ দিন ব্যাপী কুম্ভমেলা শুরু হয়েছে । পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল ত্রিপুরেশ্বরী কুম্ভ মেলা পরিষদ ও কুম্ভ কালী বাড়ীর যৌথ উদ্যোগে আয়োজিত কুম্ভ কালী মেলার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য। মন্ত্রী শ্রী চৌধুরী বলেন আর্থিক অবস্থার কারণে কুম্ভ নগরীতে গিয়ে কুম্ভমেলায় যোগ দিতে অসমর্থ হন অনেক রাজ্যবাসী । তাদের কথা চিন্তা করে এই মেলার আয়োজন করা হয়েছে। এই মেলার খ্যাতি রাজ্যের বাইরে ও ছড়িয়ে পড়বে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন রাজ্য সরকার সবসময় জনগণের সুযোগ সুবিধা কথা চিন্তা করে তা পূরণে বদ্ধপরিকর। উল্লেখ্য এই মেলায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে নাগা সাধু ও সন্ন্যাসী সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের মঠ-মন্দির ও তীর্থস্থানের বিভিন্ন সম্প্রদায়ের সাধু সন্তরা যোগ দেন।

*****************

**Cricket, Sepahijla:**

সিপাহীজলা জেলার সোনামুড়া ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে গতকাল ২০২২- ২০২৩ ও ২৩ -২৪ সালের পুরস্কার বিতরণী ও সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী। উপস্থিত ছিলেন ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি তপন লোধ, সোনামুড়া ক্রিকেট এসোসিয়েশনের সম্পাদক বুদ্ধ পাল, সভাপতি বিশ্বজিৎ দাস, সোনামুড়া নগর পঞ্চায়েতের ভাইস - চেয়ারপার্সন শাহজাহান মিয়া, প্রাক্তন মন্ত্রী বিল্লাল মিয়া প্রমুখ। অনুষ্ঠানে সোনামুড়া মহকুমার বর্তমান ও প্রাক্তন ক্রিকেট খেলোয়াড়, কোচ, আম্পায়ার ও স্কোরারদের পুরস্কার প্রদান ও সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

********************

**Weather. FO .. .**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৬ ডিগ্রির কাছাকাছি। আবহাওয়া শুষ্ক থাকবে ।

*************************

****************